গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

**স্মারক নম্বর:** ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.১৫

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অফিস আদেশ।**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন কার্যক্রমের [১.১.১] সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত কর্মসম্পাদন সূচক অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটের সিটিজেন চার্টারভুক্ত কার্যক্রম "গবেষণা কার্যক্রমে সহযোগিতা" সহজিকরণ এবং ডিজিটাইজেশনের মাধ্যমে "জ্বালানি সংক্রান্ত গবেষণা সেবা সহজিকরণ ও স্মার্ট প্রেজেন্টেশন" শীর্ষক উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো।

হাইড্রোকার্বন ইউনিট একটি গবেষণাধর্মী কারিগরি সংস্থা। দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিট প্রাইমারি জ্বালানি (তেল, গ্যাস, কয়লা, বায়োগ্যাস, নবায়নযোগ্য জ্বালানি ইত্যাদি) সরবরাহ নিশ্চিতকরণ এবং এতদসংক্রান্ত বিষয়ে বিদ্যমান সমস্যা সমাধানের জন্য গবেষণা কার্যক্রম পরিচালনা করে থাকে। প্রচলিত পদ্ধতিতে গবেষণা প্রস্তাব আহ্বান করা হলে গবেষকগণ প্রস্তাবের হার্ডকপি ডাকযোগে অথবা সরাসরি অফিসে এসে জমা প্রদান করেন। প্রাপ্ত প্রস্তাব যাচাই বাছাই করে গৃহিত প্রস্তাবসমূহ পরবর্তী ধাপের কার্যক্রম পরিচালনা করে কাজের অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি ডাকযোগে অথবা সরাসরি অফিসে এসে জমা প্রদান করেন। গবেষণা কার্যক্রম সম্পন্ন হলে তা প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপনা ও রিভিউ করা হয়। গবেষণা কার্যক্রমগুলো একটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে গবেষণা প্রস্তাব ও অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি ডাকযোগে অথবা সরাসরি অফিসে এসে জমা প্রদনে সময় ক্ষেপণ হয় ও খরচ বেশি হয়। প্রস্তাবিত পদ্ধতিতে গবেষণা প্রস্তাব ডিজিটাল মাধ্যমে অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে জমা প্রদান করা যাবে। প্রাপ্ত প্রস্তাব যাচাই বাছাই করে গৃহিত প্রস্তাবসমূহ পরবর্তী ধাপের কার্যক্রম পরিচালনা করে কাজের অগ্রগতি প্রতিবেদন একইভাবে ডিজিটাল মাধ্যমে অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে জমা প্রদান করবে। ফলে গবেষণা কার্যক্রমগুলো একটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা এবং যথা সময়ে সকল গবেষণার অগ্রগতি মনিটর করা সহজতর হবে এবং ডকুমেন্টেশন সহজতর হবে। সময় ও অর্থ সাশ্রয় হবে। এছাড়াও প্রস্তাবিত পদ্ধতিতে গবেষণালব্ধ ফলাফল উপস্থাপনা ও রিভিউ কার্যক্রম স্মার্ট ইন্টারাক্টিভ ডিসপ্লে এর মাধ্যমে করা হবে যা গবেষণালব্ধ ফলাফল (ফ্যাক্ট ও ফিগার) উপস্থাপনায় নতুন মাত্রা যুক্ত করবে। উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নের ফলে সময় ও অর্থ সাশ্রয় হবে এবং সেবার গুনগত মান বৃদ্ধি পাবে।

**সেবা প্রোফাইলঃ**

ক) **সেবার নামঃ** জ্বালানি সংক্রান্ত গবেষণা সেবার ধাপসমূহ সহজিকরণ ও স্মার্ট প্রেজেন্টেশন

খ) **সেবা সহজিকরণের যৌক্তিকতাঃ**

- ডিজিটাল মাধ্যমে অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে গবেষণা প্রস্তাব জমা প্রদান করা যাবে। প্রাপ্ত প্রস্তাব যাচাই বাছাই করে গৃহিত প্রস্তাবসমূহ পরবর্তী ধাপের কার্যক্রম পরিচালনা করে কাজের অগ্রগতি প্রতিবেদন একইভাবে ডিজিটাল মাধ্যমে অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে জমা প্রদান করবে। ফলে গবেষণা কার্যক্রমগুলো একটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা এবং যথা সময়ে সকল গবেষণার অগ্রগতি মনিটর করা সহজতর হবে এবং ডকুমেন্টেশন সহজতর হবে।
- স্বশরীরে উপস্থিতি প্রয়োজন কমে গেলে বিশ্বের যে কোনো প্রান্ত থেকে যুক্ত হতে পারবে।
- সময় ও অর্থ সাশ্রয় হবে।
- গবেষণালব্ধ ফলাফল উপস্থাপনা ও রিভিউ কার্যক্রম স্মার্ট ইন্টারাক্টিভ ডিসপ্লে এর মাধ্যমে করা হবে যা গবেষণালব্ধ ফলাফল (ফ্যাক্ট ও ফিগার) উপস্থাপনায় নতুন মাত্রা যুক্ত করবে।
- সেবার গুনগত মান বৃদ্ধি পাবে।

**চিহ্নিত সেবার বিদ্যমান প্রসেসের সমস্যা বিশ্লেষণঃ**

| সেবা নেয়ার ক্ষেত্রে গ্রাহক কিংবা দেয়ার ক্ষেত্রে দাতা (প্রক্রিয়া বা পদ্ধতিগত) কী সমস্যার সম্মুখীন হন? | এই সমস্যার পেছনের কারণসমূহ কী কী? | এতে গ্রাহক কিংবা দাতা কী ভোগান্তির সম্মুখীন হচ্ছেন (যেমন TCVQ)? |
|---|---|---|
| গ্রাহক ও দাতা উভয়ের ক্ষেত্রে ডাকযোগে বা স্বশরীরে উপস্থিত হয়ে কার্যক্রম সম্পন্ন করা। | ১। প্রস্তাবের ও অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি ডাকযোগে অথবা সরাসরি অফিসে এসে জমা প্রদান।<br>২। রিভিউ রিপোর্ট ডাকযোগে প্রেরণ। | গ্রাহক ও দাতা উভেয়রই যাতায়াতসহ সময় ও খরচ উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পাবে। |
| দীর্ঘসূত্রীতা | ১। যথা সময়ে সকল গবেষণার অগ্রগতি মনিটর করা। | সকল প্রতিবেদন একসাথে না পাওয়া গেলে অগ্রগতি মনিটর করা যাবে না। |
| বেশি সংখ্যক মানুষের কাছে সহজলভ্য করা | ১। স্বশরীরে উপস্থিতির প্রয়োজন হলে অংশগ্রহণ কম হবে। | গুণগত মান কমার সম্ভাবনা থাকবে। |

**বিদ্যমান ও প্রস্তাবিত প্রক্রিয়ার তুলনামূলক বিশ্লেষণঃ**

| বিদ্যমান পদ্ধতি | | প্রস্তাবিত পদ্ধতি | |
|---|---|---|---|
| ধাপ | কার্যক্রম | ধাপ | কার্যক্রম |
| ধাপ-১ | গবেষণা প্রস্তাব আহ্বান | ধাপ-১ | গবেষণা প্রস্তাব আহ্বান |
| ধাপ-২ | গবেষণা প্রস্তাবের হার্ডকপি ডাকযোগে অথবা সরাসরি অফিসে এসে জমা প্রদান | ধাপ-২ | গবেষণা প্রস্তাব ডিজিটাল মাধ্যমে অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে জমা প্রদান |
| ধাপ-৩ | প্রাপ্ত প্রস্তাব যাচাই বাছাই | ধাপ-৩ | প্রাপ্ত প্রস্তাব যাচাই বাছাই |
| ধাপ-৪ | গৃহিত প্রস্তাবসমূহ পরবর্তী ধাপের কার্যক্রম পরিচালনা | ধাপ-৪ | গৃহিত প্রস্তাবসমূহ পরবর্তী ধাপের কার্যক্রম পরিচালনা |
| ধাপ-৫ | কাজের অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি ডাকযোগে অথবা সরাসরি অফিসে এসে জমা প্রদান | ধাপ-৫ | কাজের অগ্রগতি প্রতিবেদন ডিজিটাল মাধ্যমে অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে জমা প্রদান |
| ধাপ-৬ | গবেষণা কার্যক্রম সম্পন্ন হলে ফলাফল প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপনা ও রিভিউ | ধাপ-৬ | গবেষণালব্ধ ফলাফল স্মার্ট ইন্টারাক্টিভ ডিসপ্লে এর মাধ্যমে উপস্থাপন ও রিভিউ |

বিদ্যমান ও প্রস্তাবিত প্রক্রিয়ার ফলাফল বিশ্লেষণঃ

| তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ | সময় | গ্রহিতার দাপ্তরিক খরচ (টাকা) | গ্রহিতার ভিজিট (সংখ্যা) | গুণগত মান পরিবর্তন |
|---|---|---|---|---|
| বিদ্যমান পদ্ধতি | • বিদ্যমান পদ্ধতি ও প্রস্তাবিত পদ্ধতি উভয় পদ্ধতিতে গবেষণা প্রস্তাব জমা প্রদানের ক্ষেত্রে একই সময় লাগবে।<br>• কাজের অগ্রগতি প্রতিবেদন দাখিলের ক্ষেত্রে প্রস্তাবিত পদ্ধতিতে অপেক্ষাকৃত কম সময় প্রয়োজন হবে। | ৩০,০০০ | ৬ | • গবেষণা কার্যক্রমগুলো একটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা এবং যথা সময়ে সকল গবেষণার অগ্রগতি মনিটর করা সহজতর হবে এবং ডকুমেন্টেশন সহজতর হবে।<br>• স্বশরীরে উপস্থিতি প্রয়োজন কমে গেলে বিশ্বের যে কোনো প্রান্ত থেকে যুক্ত হতে পারবে।<br>• সময় ও অর্থ সাশ্রয় হবে।<br>• গবেষণালব্ধ ফলাফল উপস্থাপনা ও রিভিউ কার্যক্রম স্মার্ট ইন্টারাক্টিভ ডিসপ্লে এর মাধ্যমে করা হবে যা গবেষণালব্ধ ফলাফল (ফ্যাক্ট ও ফিগার) উপস্থাপনায় নতুন মাত্রা যুক্ত করবে।<br>• সেবার গুনগত মান বৃদ্ধি পাবে। |
| প্রস্তাবিত পদ্ধতি | | ১০,০০০ | ২ | |
| পার্থক্য | - | ২০,০০০ | ৪ | |

২। সেবাটি বাস্তবায়নের জন্য এ অফিস আদেশ জারি করা হলো।

৩। অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

১৩-০৩-২০২৪
মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)
৮৩৯১০৭৫
hcu@hcu.org.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
২। উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৩। উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট;
৪। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট;
৫। সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৬। সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৭। সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৮। সহকারী পরিচালক (অনুসন্ধান), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট এবং
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা , উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ।